We, the workers of 'ANI INFOGEN' Speaking...

Friends,

We are some I.T. workers of a company named 'ANI INFOGEN Pvt Lld.' Our office is at Salt Lake City, Sector V, Electronics complex, Block EP & GP, Kolkata-700091.

This company has started its business in Kolkata since 2004. Now its working strength is more than a thousand. Most of them are freshers and have joined just last year. Some have got the appointment letter though not joined yet. At the end of last January, suddenly our authority has closed all the activities of the company without a single notice. Till now they are supposed to be 'absconded'! On the other side, workers are facing a very unsecured condition continuously.

Most of us have come from different Engg. Colleges and got formal appointment letter through campus interview as 'Software Developer'. Some have got 'off campus interview' through different placement agencies. The newcomers had to pay Rs.50,000 to the company before their joining. We have started to face a lot of problems since our joining. Though the company committed us to give proper training, no official trainer was allotted for us; we were compelled to take required training from our seniors. More over, right from the beginning the management was very non cooperative, working condition was also very poor. With all of these problems, a new dimension was added when the authority had stopped to pay our wage since last 3 months. Some trainee workers are also there, who have completed their 3 months training without a single payment. As we started to protest, some 'post dated cheques' were issued in favour of us on 21 January, but all of those cheque were bounced. More over, banks had deducted the service charge from our own account. Some days ago, once our company had took a bank loan showing the excuse that 'they have not enough money to give wages'. At that time, they had compelled some workers to sign a overdraft as 'guarantors'. Now, in the absence of the company, the bank is mounting tremendous pressure on those workers to repay the loan. For all of these reasons, when unrest started to increase among us, suddenly our authority stopped all the functions of the company and absconded. We launched an FIR against authority to the local Police Station but have got no result till now.

Under the given circumstances, cutting across all the divergence of opinion, we have decided to form a platform named 'ANI INFOGEN Save Committee'. On behalf of this committee, our demands are:

- ❑ **Immediately open the INFOGEN and start its normal activity.**
- ❑ **Pay the due payment of last 3 months right now.**
- ❑ **Pay back Rs.50,000 to those workers who want to leave the company willingly.**
- ❑ **Authority should be punished properly for their illegal activities.**
- ❑ **Govt. and administration should take immediate action regarding these issues.**

To highlight our demands, we are going to organise a **'Citizen Convention'** on **5th March**, at **'Mahabodhi Society Hall'**, college Street, from **4.30 pm.** Beside the workers of ANI INFOGEN, all other workers of I.T. Industry are also cordially invited to this programme. We are inviting some eminent personalities too. Having a discussion with all, we will decide our next step. Please join us. Thanking you-

ANI INFOGEN Save Committee.

Published by Angshuman Chatterjee (9933858577) and Sagar Shaw (9836581191).

আমরা ‘এ.এন.আই. ইনফোজেন’-এর তথ্যপ্রযুক্তি কর্মীরা বলছি...

বন্ধু,

আমরা ‘এ.এন.আই.ইনফোজেন’ নামে একটি তথ্য প্রযুক্তি সংস্থার কর্মী। আমাদের অফিস সল্টলেকের সেক্টর ফাইভ, ইলেকট্রনিক্স কমপ্লেক্সে; ব্লক ই.পি এবং জি.পি, কলকাতা ৭০০ ০৯১।

২০০৪ সাল থেকে কলকাতায় এই সংস্থা তাদের কাজকর্ম শুরু করে। বর্তমানে কর্মীসংখ্যা হাজারেরও বেশি। তার মধ্যে বেশিরভাগই নতুন। অনেকেই মাত্র গত বছর কাজে যোগ দিয়েছে। কেউ কেউ অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পেলেও এখনও কাজে যোগ দেয়নি। গত জানুয়ারি মাসের শেষ দিকে হঠাৎ করে কোনওরকম নোটিশ ছাড়াই আমাদের কর্তৃপক্ষ সংস্থার যাবতীয় কাজকর্ম বন্ধ করে দেন। এখনও পর্যন্ত তাঁকে নাকি খুঁজে পাওয়া যাচ্ছে না। এদিকে সংস্থার প্রায় একহাজার কর্মীর প্রত্যেকটা দিন কাটছে চরম অনিশ্চয়তায়।

আমাদের প্রায় সবাইকেই বিভিন্ন ইঞ্জিনীয়ারিং কলেজ থেকে ‘ক্যাম্পাস ইন্টারভিউ’-এর মাধ্যমে এই সংস্থায় অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল। কেউ কেউ ‘অফ্ ক্যাম্পাস’ ইন্টারভিউ পেয়েছে কোনও প্লেসমেন্ট সংস্থার মাধ্যমে। বেশিরভাগ কর্মীই অ্যাপয়েন্টমেন্ট পেয়েছিল ‘সফ্টওয়্যার ডেভেলপার’ হিসাবে। এই অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার সময় নতুনদের প্রত্যেকের কাছ থেকে কোম্পানী ৫০,০০০ টাকা করে জমা নেয়। শুরু থেকেই আমরা এখানে নানান অসুবিধের সম্মুখীন হচ্ছিলাম। সংস্থার পক্ষ থেকে ‘ট্রেনিং’ দেওয়ার প্রতিশ্রুতি থাকলেও কোনও অফিশিয়াল ট্রেনার আমাদের ছিল না; সিনিয়রদের কাছ থেকেই আমাদের কাজ শিখতে হত। এর সঙ্গে ম্যানেজমেন্টের অসহযোগিতা ছিল। ছিল কাজের পরিবেশের অভাব। এর মধ্যেই গত তিনমাস আমাদের বেতন দেওয়া বন্ধ করে দেয় কর্তৃপক্ষ। এমনও অনেকে আছে, যারা তিনমাস ট্রেনিং করেছে, কিন্তু একটা পয়সাও পায়নি। আমরা প্রতিবাদ শুরু করলে ২১ জানুয়ারি আমাদের সবাইকে একটি করে ‘পোস্ট ডেটেড চেক্’ দেওয়া হয়। কিন্তু ভাঙানের সময় সব চেক্ গুলিই বাউন্স করে; উল্টে আমাদেরই অ্যাকাউন্ট থেকে ‘সার্ভিস চার্জ’-এর টাকা কেটে নেয় ব্যাঙ্ক। এর আগে কোম্পানি একবার ‘বেতন দেওয়ার পয়সা নেই’ এই অজুহাতে কর্মীদেরই বেশ কয়েকজনকে গ্যারান্টার করে ব্যাঙ্ক লোন নেয় এবং কর্মীদের দিয়ে ওভার ড্রাফ্ট-এ সই করিয়ে নেয়। কোম্পানীর অনুপস্থিতিতে ব্যাঙ্ক এখন সেই কর্মীদের ওপরেই চাপ দিচ্ছে লোন-এর টাকা শোধ করার জন্য। এসব নিয়ে কর্মীদের ক্ষোভ-বিক্ষোভ যখন বাড়ছে, তখনই হঠাৎ সংস্থার সমস্ত কাজকর্ম বন্ধ করে দিয়ে গা-ঢাকা দেয় কর্তৃপক্ষ। থানায় এফ.আই.আর. করেও এখনও পর্যন্ত কোনও ফল পাওয়া যায়নি।

এমতাবস্থায় সহকর্মীদের সকলকে নিয়ে দল-মত-নির্বিশেষে আমরা ‘এ.এন.আই. ইনফোজেন সেভ্ কমিটি’ গড়ে তোলার সিদ্ধান্ত নিই। কমিটির পক্ষ থেকে আমরা দাবি করছি:

- ❑ **অবিলম্বে ইনফোজেন খুলতে হবে।**
- ❑ **বকেয়া তিন মাসের বেতন এখুনি দিতে হবে।**
- ❑ **কেউ স্বেচ্ছায় চাকরি ছেড়ে দিলে তাকে জমা রাখা ৫০,০০০ টাকা ফেরৎ দিতে হবে।**
- ❑ **বেআইনী আচরণের জন্য কর্তৃপক্ষকে উপযুক্ত শাস্তি দিতে হবে।**
- ❑ **প্রশাসন ও সরকারকে অবিলম্বে ইনফোজেন-এর ব্যাপারে প্রয়োজনীয় হস্তক্ষেপ করতে হবে।**

এই দাবিগুলি সকলের কাছে তুলে ধরার জন্য আমরা কমিটির পক্ষ থেকে আগামী **৫ মার্চ, বিকেল** ৪-৩০ থেকে কলেজস্ট্রীটের **মহাবোধি সোসাইটি হল**-এ একটি **‘নাগরিক কনভেনশন’**-এর আয়োজন করেছি। আমাদের সংস্থার কর্মীরা ছাড়াও ঐ দিনের কনভেনশনে আমরা অন্যান্য আই.টি.সংস্থার বন্ধুদেরও আমন্ত্রণ জানাচ্ছি। সঙ্গে আমন্ত্রণ জানাচ্ছি সমাজের কিছু বিশিষ্ট নাগরিককে। সকলের সঙ্গে আলোচনা করেই সেদিন আমরা আমাদের পরবর্তী পদক্ষেপ স্থির করবো। আশা করি আপনিও আসবেন। ধন্যবাদান্তে—

এ.এন.আই. ইনফোজেন সেভ্ কমিটি

কমিটির পক্ষে অংশুমান চ্যাটার্জী (৯৯৩৩৮৫৮৫৭৭) এবং সাগর সাউ (৯৮৩৬৫৮১১৯১) কর্তৃক প্রকাশিত